জেদ্দাসহ সৌদি আরবে সব বন্দরে হামলার হুঁশিয়ারি হুতিদের



ছবি: সংগৃহীত

ইয়েমেনের হোদেইদা বন্দরে সৌদি আরব হামলা চালালে জেদ্দাসহ লোহিত সাগর উপকূলে দেশটির সব বন্দরে পাল্টা হামলা চালানো হবে বলে হুঁশিয়ারি দিয়েছে হুতি বিদ্রোহীরা।

বুধবার (২৫ নভেম্বর) দেওয়া এক বিবৃতিতে এ হুমকি জানায় গোষ্ঠীটি। একই সঙ্গে সৌদি আরবের বন্দরগুলোতে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও আশপাশের বাসিন্দাদের সরে যাওয়ার আহ্বান জানিয়েছেন হুতিদের মুখপাত্র ইয়াহিয়া সারি। জাহাজ চলাচলকারী প্রতিষ্ঠানগুলোকেও ওই বন্দরগুলো থেকে জাহাজ সরিয়ে নিতে পরামর্শ দিয়েছেন তিনি।

এর আগে মঙ্গলবার সৌদি আরবের রাজধানী রিয়াদের সবচেয়ে উঁচু ভবনে হুতিদের একটি ড্রোন আঘাত হানে। সৌদি কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, এ ঘটনায় অন্তত ১১ জন আহত হয়েছেন। হামলার পর হুতিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার হুঁশিয়ারি দেয় সৌদি নেতৃত্বাধীন জোট।

এরই মধ্যে বুধবার ইয়েমেনের হোদেইদা বন্দরের কার্যক্রম পরিচালনার সক্ষমতাকে লক্ষ্য করে হামলা চালানোর কথা জানিয়েছে জোটটি। এ ছাড়া ইয়েমেনের সাদা ও আমরান প্রদেশে কয়েকটি লক্ষ্যবস্তু ধ্বংসের দাবিও করেছে তারা।

লোহিত সাগরের তীরে অবস্থিত হোদেইদা বন্দর হুতি নিয়ন্ত্রিত উত্তর ইয়েমেনে খাদ্যসহ জরুরি পণ্য সরবরাহের অন্যতম প্রধান প্রবেশপথ। দেশটির লাখো মানুষের জন্য মানবিক সহায়তা ও বাণিজ্যিক পণ্য আমদানিতে বন্দরটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

গত সেপ্টেম্বর থেকে হুতি ও সৌদি আরবের মধ্যে সংঘাত আবারও তীব্র আকার ধারণ করে। ওই সময় হুতিরা লোহিত সাগরের দক্ষিণ প্রান্তের কৌশলগত গুরুত্বপূর্ণ বাব আল-মান্দেব প্রণালির দিকে অগ্রসর হয়।

এরপর সৌদি আরবের বিমানবন্দর, বন্দর ও তেল স্থাপনাগুলোতে হুতিদের হামলা বেড়েছে। পাল্টা জবাবে ইয়েমেনে হুতিদের অবস্থান লক্ষ্য করে বিমান হামলা জোরদার করেছে সৌদি নেতৃত্বাধীন জোট।

সূত্র: রয়টার্স